



প্রধানমন্ত্রীর সঙ্গে আইপিইউ মহাসচিব অ্যাডা ফিলিপের সাক্ষাৎ



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাৎ করেছেন ইন্টার-পারলামেন্টারি ইউনিয়নের (আইপিইউ) সেক্রেটারি জেনারেল অ্যাডা ফিলিপ। মঙ্গলবার (১ সেপ্টেম্বর) সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

বৈঠকে বাংলাদেশের সংসদীয় গণতন্ত্র, জাতীয় সংসদের কার্যক্রম এবং আইপিইউর সঙ্গে ভবিষ্যৎ সহযোগিতার বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

অ্যাডা ফিলিপ প্রধানমন্ত্রীর জাতীয় সংসদের অধিবেশনে নিয়মিত অংশগ্রহণের বিষয়টি উল্লেখ করে বলেন, এটি সংসদীয় গণতন্ত্রের প্রতি তার অঙ্গীকারের প্রতিফলন। তিনি বাংলাদেশের সংসদীয় গণতন্ত্রের বর্তমান অগ্রগতিরও প্রশংসা করেন।

বিএনপির নির্বাচনী ইশতেহার পড়েছেন জানিয়ে আইপিইউ সেক্রেটারি জেনারেল শিক্ষা খাতে প্রস্তাবিত বিভিন্ন উদ্যোগ এবং কমিউনিটিভিক কর্মসূচির কথা উল্লেখ করেন। তার মতে, গণতান্ত্রিক অগ্রযাত্রা অব্যাহত থাকলে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান ও গণতান্ত্রিক ব্যবস্থার ওপর জনগণের আস্থা আরও বাড়বে।

বাংলাদেশ জাতীয় সংসদের সঙ্গে অভিজ্ঞতা বিনিময় এবং পারস্পরিক সহযোগিতা বাড়াতে আইপিইউ আগ্রহী বলেও জানান তিনি। তানজানিয়ায় অনুষ্ঠিত আইপিইউর ১৫৩তম সম্মেলনে বাংলাদেশের জাতীয় সংসদের স্পিকারের অংশগ্রহণ দুই পক্ষের সম্পর্ক আরও এগিয়ে নেবে বলে আশা প্রকাশ করেন অ্যাডা ফিলিপ।

তরুণ ও নারী সংসদ সদস্যদের বিষয়েও বৈঠকে আলোচনা হয়। তাদের সঙ্গে সাক্ষাতের অভিজ্ঞতা তুলে ধরে অ্যাডা ফিলিপ বলেন, তরুণ ও নারী সংসদ সদস্যরা যথেষ্ট উদ্যমী এবং সংসদীয় কার্যক্রমে আগ্রহী।

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, দীর্ঘ আন্দোলন ও সংগ্রামের মধ্য দিয়ে দেশে আবার গণতন্ত্র প্রতিষ্ঠা করা সম্ভব হয়েছে। এ আন্দোলনের সময় বিএনপির অনেক নেতাকর্মী গুম ও হত্যার শিকার হয়েছেন এবং প্রায় ৪০ লাখ নেতাকর্মীর বিরুদ্ধে মিথ্যা মামলা দেওয়া হয়েছিল বলেও তিনি উল্লেখ করেন।

তিনি বলেন, দেশে বহুদলীয় গণতন্ত্র পুনঃপ্রতিষ্ঠার পাশাপাশি সংসদীয় গণতন্ত্রের পথচলাতেও বিএনপির ভূমিকা রয়েছে। সামনে কিছু চ্যালেঞ্জ থাকলেও গণতান্ত্রিক ব্যবস্থাকে শক্তিশালী করতে সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে জানান তিনি।

প্রধানমন্ত্রী বলেন, কার্যকর ও শক্তিশালী গণতান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠা করা গেলে দেশের টেকসই উন্নয়ন ও অগ্রগতির পথ আরও সুদৃঢ় হবে।

নারীর ক্ষমতায়ন সরকারের গুরুত্বপূর্ণ অগ্রাধিকারের মধ্যে রয়েছে উল্লেখ করে তিনি বলেন, নারীদের জন্য অনার্স পর্যায় পর্যন্ত বিনামূল্যে শিক্ষা এবং নারী শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি চালুর পরিকল্পনা রয়েছে।